Bengali

**IPO C2**

Name
Address Line 1
Address Line 2
Address Line 3
Address Line 4
Address Line 5

Person ID: xxxxxx                                                  Application ID: IPPA xxxxxx

**2015 সালের আন্তর্জাতিক সুরক্ষা আইন প্রবর্তনের অন্তর্বর্তীকালীন প্রক্রিয়াসমূহ**

Dear XXXXX,

আপনার বর্তমান আন্তর্জাতিক সুরক্ষার/সহায়ক ত্রাণ ও সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদনের প্রেক্ষিতে আমি আপনাকে এই পত্র লিখছি।

আমি আপনাকে এই মর্মে অবহিত করছি যে আন্তর্জাতিক সুরক্ষা আইনের 2015 (2015 সালের আইনের) অধীনে আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদন (আশ্রয়প্রার্থী হিসাবে অবস্থান এবং সহায়ক ত্রাণ ও সুরক্ষা জনিত) ও এই রাষ্ট্রে অবস্থানের অনুমতির নিরীক্ষণ ও প্রত্যয়নের নতুন প্রক্রিয়া শুরু হয়েছে যা **31শে ডিসেম্বর 2016** (প্রবর্তনের তারিখ) মন্ত্রীমহোদয় কর্তৃক প্রবর্তিত হয়।

2015 Act এর অধীনে একটি নতুন একক প্রক্রিয়া শুরু হয়েছে। এই প্রক্রিয়ার অধীনে একজন আবেদনকারী শরণার্থী হিসাবে অবস্থান এবং সহায়ক সুরক্ষা প্রাপ্তির মতো উভয় কারণে আইরিশ জাতীয়তা ও অভিবাসন সেবা কার্যালয়ের (আইরিশ ন্যাচারালাইসেশন এবং ইমিগ্রেশন পরিসেবা ) আন্তর্জাতিক সুরক্ষা দপ্তরে আবেদন করবেন। সদ্য বিলুপ্ত শরণার্থীর অ্যাপ্লিকেশন কমিশনারের (ORAC) কার্যালয় আন্তর্জাতিক সুরক্ষা দপ্তর (“IPO”) দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।

আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য নতুন আবেদন 2015 Act এর অধীনে করা যাবে এবং একই সময়ে IPO তদন্ত করে দেখবেন যে আবেদনকারীকে আশ্রয়প্রার্থী হিসাবে বা সহায়ক ত্রাণ ও সুরক্ষা প্রাপ্তির জন্য মনোনীত করা হবে কিনা। যদি এইসব আবেদনের প্রেক্ষিতে নেতিবাচক সুপারিশ করা হয় তাহলে অন্য কোনো প্রক্রিয়া বা বক্তব্যের লেন-দেন ছাড়াই আবেদনকারীকে অন্য কোনো কারণে (মানবিক বা ব্যক্তিগত বিবেচনা সহ) রাষ্ট্রে অবস্থান করতে দেওয়া হবে কিনা সেটি মন্ত্রী তখনই বিবেচনা করবেন। এই প্রক্রিয়ার ব্যতিক্রম হচ্ছে যদি আবেদন EU ডাবলিন রেগুলেশন - এর অধীনে পরিচালিত হয়

তাহলে সে ক্ষেত্রে অন্য কোনো নির্ধারিত বিকল্প প্রক্রিয়া প্রযোজ্য হবে - আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদনকারীদের এর সঙ্গে সংযুক্ত তথ্য পুস্তিকার (IPO 1) ধারা-10 দেখে নিতে বলা হচ্ছে। এটি অতীতের প্রচলিত আইন যার অধীনে মন্ত্রী আশ্রয়প্রার্থী হিসাবে অবস্থান প্রত্যাখ্যান করলে সেক্ষেত্রে তিনিই আবেদনকারীকে সহায়ক ত্রাণ ও সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদনের সুযোগ দিতেন এবং তাকে বহিষ্কার কেন করা হবে না সটির কারণগুলি উপস্থাপন করার সুযোগ দিতেন।

**আপনার আবেদনের** প্রকৃত **অবস্থান**

প্রবর্তনের তারিখের আগে ORAC নিকটে আশ্রয়প্রার্থী হিসাবে অবস্থান ও সহায়ক ত্রাণ ও সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদনপত্রগুলির প্রতি ব্যবস্থা নেওয়ার জন্য অন্তর্বর্তীকালীন বিধানসমূহ 2015 সালের আইনের অন্তর্গত ছিল। 2015 সালের আইনের অধীনে এই আবেদনসমূহ আন্তর্জাতিক সুরক্ষা প্রদান দপ্তরে স্থানান্তরিত হবে এবং পরিচালিত হবে। আপনার আবেদন সংযুক্ত তথ্য কণিকা (IPO 12) এর ধারা 4 এর **2 নং বিভাগের (**আশ্রয়প্রার্থী হওয়ার **আবেদন)**অন্তর্গত যার নাম – প্রবর্তনের তারিখের আগে যে আবেদনকারী আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদন করেছেন এবং RAT কর্তৃক 1996 সালের শরণার্থী সংক্রান্ত আইনের ধারা 13 এর অধীনে তখনও প্রতিবেদন প্রস্তুত করা হয়নি। সেই হিসেবে, আপনার আবেদন 2015 সালের আইনের অধীনে আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদন (আশ্রয়প্রার্থী ও সহায়ক ত্রাণ ও সুরক্ষা উভয়ের জন্য) হিসেবে গণ্য হবে। আন্তর্জাতিক সুরক্ষার দপ্তরে শুধুমাত্র প্রাথমিক সহায়ক ত্রাণ ও সুরক্ষা প্রদানের বিষয়ে বিবেচনা করার জন্য আপনার ফাইল IPO তে স্থানান্তরিত করা হয়েছে।

আপনার আশ্রয়প্রার্থী হিসাবে অবস্থানের সুপারিশ সম্বলিত ORAC এর সুপারিশ-প্রতিবেদনটি সংরক্ষিত রাখা হবে এবং কার্যকরও থাকবে। IPOর পক্ষ থেকে যদি আপনাকে সহায়ক সুরক্ষার জন্য মনোনীত না করা হয় তাহলে মন্ত্রীমহোদয় আপনাকে অন্য কোনো ক্ষেত্রে অবস্থানের অনুমতি দেবেন কিনা সেটি বিবেচনা করবেন। আপনি যদি আশ্রয়প্রার্থী হিসাবে অবস্থানের আবেদনের প্রত্যাখ্যাত হওয়ার সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করেন (ইতোমধ্যে করে থাকেন) এবং IPAT এ সহায়ক ত্রাণ ও সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদন করেন, তাহলে দুটি আপিল একত্রে একটি আপিল হিসেবে বিবেচনা করা হবে এবং এর শুনানি একসাথেই হবে।

**যেহেতু আপনার বর্তমান** আ**শ্রয়প্রার্থী হিসাবে অবস্থান এবং/অথবা সুরক্ষা বা সহায়ক** ত্রাণ ও **সুরক্ষা প্রাপ্তি**র **জন্য আবেদন 2015 সালের আইনের অধীনে অন্তর্বর্তীকালীন বিধানসমূহের অধীনে বিবেচিত হবে, সেহেতু আপনাকে আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য আরেকটি আবেদন করার দরকার নেই। যাইহোক, সংযুক্ত আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির আবেদনপত্রের প্রশ্নপত্রের (IPO 2) প্রযোজ্য অংশ পূরণ করার মাধ্যমে আপনাকে আন্তর্জাতিক সুরক্ষা** প্রদান **দপ্তরকে অতিরিক্ত সহায়ক তথ্য প্রদান করতে হবে।**

**তথ্য কণিকা ও অন্যান্য সংযুক্ত নথি-পত্র**

**"তথ্য কণিকা -** অন্তর্বর্তীকালীন ব্যবস্থাসমূহ **(IPO)** শীর্ষক নথিতে Act 2015 এর অন্তর্বর্তীকালীন বিধানসমূহ এবং এটির প্রভাব সম্পর্কে আরো অতিরিক্ত তথ্য দেওয়া আছে। এই পত্র তথ্য কণিকার সাথে পড়তে হবে।

নিম্নোক্ত নথিপত্র সংযুক্ত করা হয়েছে:

- **তথ্য কণিকা - অন্তর্বর্তীকালীন বিধানসমূহ (IPO 12)।**
- **আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তি**র **জন্য আবেদনকারীদের তথ্য পুস্তিকার (IPO 1)** এবং
- **আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য প্রশ্ন-পত্র পাওয়ারআবেদনপত্র (IPO 2)।**

**আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য দরকারী প্রশ্নপত্রের কোন কোন অংশ আপনাকে নিজে নিজে সম্পাদন করতে হবে?**

আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির ক্ষেত্রে দরকারী প্রশ্নপত্রের জন্য আবেদনপত্র পূরণ (IPO 2) যথাযথভাবে সম্পাদনের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হল।

**আপনাকে আন্তর্জাতিক সুরক্ষার প্রশ্নপত্রের জন্য আবেদনপত্রের (IPO 2)** আশ্রয়প্রার্থী হিসাবে অবস্থান **সংক্রান্ত** বিষয় **(প্রশ্ন 63a এবং 63b) ব্যতীত সকল প্রশ্নের উত্তর দিতে হবে।**

যদি IPO এই মর্মে সুপারিশ করেন যে আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য উপযুক্ত নন তাহলে সেক্ষেত্রে আপনি অন্য কোনো উপায়ে রাষ্ট্রে অবস্থান করতে পারবেন কিনা সেটি বিবেচনা করা হবে।

এটা জেনে রাখা গুরুত্বপূর্ণ যে 2015 সালের আইনের প্রবর্তনের কারণে প্রক্রিয়াগত পরিবর্তন সাধিত হয়েছে এবং মন্ত্রী আপনাকে আপনি কেন রাষ্টে অবস্থানের জন্য অনুমোদিত হবেন সে বিষয়ে কারণ দর্শাবার জন্য আমন্ত্রণ জানাবেন না। পরিবর্তে, আপনার আবেদন IPO কর্তৃক না-মঞ্জুর হলে দেরী না করে কীভাবে রাষ্ট্রে আপনার অবস্থানের অনুমতি প্রদান করা যায় তা বিবেচনা করা হবে।

সুতরাং, 2015 সালের আইনের অধীনে আপনার আবেদন যদি আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য IPO তে স্থানান্তরিত হয়ে থাকে তাহলে আপনি আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য আপনাকে প্রদত্ত প্রশ্নপত্রের (IPO 2) নির্ধারিত অংশে আপনাকে কেন অবস্থানের জন্য অনুমতি দেওয়া হবে সেটি লিখিত আকারে জানাবেন। উদাহরণস্বরূপ, আপনার পরিবার ও পারিবারিক পরিস্থিতি, রাষ্ট্রের সাথে আপনার সম্পর্ক, আপনার চরিত্র এবং রাষ্ট্রের এবং রাষ্ট্রের বাইরে মানবতাবাদী কাজ এবং এ সম্পর্কিত সকল বিষয়াবলীই আলোচনার সম্ভাব্য বিষয় হয়ে উঠবে। এ সম্পর্কিত সকল বিষয়াবলীর বিস্তারিত ব্যাখ্যা পেতে আন্তর্জাতিক সুরক্ষা **প্রাপ্তি**র **জন্য** আবেদনকারীদের তথ্য পুস্তিকা (IPO 1) দেখুন।

আপনার আবেদনের সাথে সম্পর্কিত আপনার অবস্থানগত যেকোনো পরিবর্তন সম্পর্কে বাধ্যতামূলকভাবে IPO (মন্ত্রীর পক্ষে) কে অবহিত করুন (উদাহরণস্বরূপ - আপনার পরিবার ও পারিবারিক বা আপনার নিজ-দেশে পরিস্থিতিগত পরিবর্তন)।

**এখন আমার করণীয়** কী?

**যখন আপনি আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদনের প্রশ্নপত্রের উত্তর-দান (IPO 2) সম্পন্ন করবেন এবং আবেদনে স্বাক্ষর করবেন সেই সাথে অতিরিক্ত তথ্য যেসব বিষয়ে ORAC এ প্রদান করা হয়নি সেই সব বিষয়ে তথ্যসহ ORAC কে উদ্দেশ্য করে পত্রটি সংযুক্ত ফ্রি-পোস্ট করা খামে ভরে প্রেরণকরবেন। সম্ভব হলে এই পত্র পাওয়ার 20 দিনের মধ্যে প্রশ্নপত্রের উত্তর-দান সম্পন্ন করে এটি অবশ্য ফেরত দিতে হবে।**

**যদি আপনাকে আপনার এবং/বা আপনার আইনি প্রতিনিধির বিষয়ে IPO কেই সম্পুরক তথ্য প্রদান করতে হয় তাহলে সেটা যত দ্রুত সম্ভব এবং তাহলে তা অবশ্যই নির্ধারিত সাক্ষাৎকারের দিনের 2 সপ্তাহ পূর্বে করতে হবে। এই সময়সীমা প্রয়োজনীয় ক্ষেত্রে আপনার কাগজপত্র অনুবাদ করে নেওয়াসহ নির্ধারিত সাক্ষাৎকারের দিন IPO র সাক্ষাৎকার-গ্রহণকারীর কাছে আপনার প্রয়োজনীয় সকল কাগজপত্র থাকা নিশ্চিত করতে সহায়তা করবে।**

**সাক্ষাৎকার**

আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদনের প্রেক্ষিতে আপনার সাক্ষাৎকারের জন্য একটি দিন নির্ধারিত হবে, এবং তার আগে IPO আপনার সম্পাদিত প্রশ্নপত্রের নিম্নলিখিত তথ্যাবলী জমা নেওয়ার রসিদের মাধ্যমে আপনার সঙ্গে যোগাযোগ রাখবেন। আপনার সমস্যা যদি EU ডাবলিন রেগুলেশন - এর অধীনে পরিচালিত না হয় তাহলে আপনাকে আশ্রয়-প্রার্থী হিসাবে অবস্থান এবং সহায়ক ত্রাণ ও সুরক্ষা প্রদান এই উভয় কারণের জন্য সাক্ষাৎকার নেওয়া হবে। যেসব আবেদনকারী ORAC এ সাক্ষাৎকার প্রদান করেছিলেন কিন্তু প্রবর্তনের তারিখের পূর্ব পর্যন্ত সুপারিশ পাননি তাদেরকে IPO তে আবার সাক্ষাৎকার দিতে হবে। আপনার সাক্ষাৎকার IPO তে বিপুল সংখ্যক আবেদন জমা হওয়ার কারণে আপনার সাক্ষাৎকার কয়েক মাস অবধি বিলম্বিত হতে পারে।

**রাষ্ট্রে অবস্থিতি ও বসবাস**

রাষ্ট্রে আপনার বসবাস সম্পর্কিত শর্তাবলী অপরিবর্তিত থাকবে। 22015 সালের আইনের 17 ধারা অনুযায়ী আপনাকে ইতোমধ্যে প্রদত্ত অস্থায়ী আবাসন সার্টিফিকেট (TRC) আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনের নিস্পত্তি না হওয়া পর্যন্ত বৈধ এবং নবায়নযোগ্য থাকবে।

**আইনি সহায়তা**

এই পত্র ও সংযুক্ত কাগজপত্রের ব্যাপারে আপনাকে আইনি পরামর্শ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। আইনি প্রতিনিধির সাথে যোগাযোগ করার অধিকার আপনার রয়েছে এবং আপনি ইচ্ছা করলে আইনি সেবা কেন্দ্রের (আইনি সাহায্য প্রদানকারী বোর্ড) পরিসেবা নিতে পারেন। আইনি সাহায্য প্রদানকারী বোর্ড (LAB) একটি স্বাধীন সংস্থা যারা আয়ারল্যান্ডে আন্তর্জাতিক সুরক্ষার আবেদনকারীদের গোপনীয় আইনি সহায়তা প্রদান করে থাকে। LAB আপনার আবেদনের প্রেক্ষিতে আপনাকে আইনি সহায়তা ও পরামর্শ প্রদান করবে। **LAB এর সাথে যোগাযোগের ঠিকানা তথ্য কণিকা (IPO 12) তে সংযুক্ত করা হয়েছে।**

এছাড়াও আপনি আপনার নিজ-ব্যয়ে ব্যক্তিগত আইনি প্রতিনিধির পরিসেবা গ্রহণ করতে পারেন।

যদি আপনি এখনও তা না করে থাকেন তাহলে আপনাকে অবশ্যই আপনার আইনি প্রতিনিধি সম্পর্কে এবং প্রযোজ্য ক্ষেত্রে আইনি প্রতিনিধির পরিবর্তন সম্পর্কে যেকোনো তথ্য আন্তর্জাতিক সুরক্ষা প্রদান দপ্তরকে জানাতে হবে।

**UNHCR**

এছাড়াও আপনি শরণার্থীদের জন্য ইউনাটেড নেশনের হাই কমিশনার- এর সাথে যোগাযোগ করতে পারেন যাদের সঙ্গে **যোগাযোগের** বিশদ বিবর্ণ, **তথ্য কণিকা**য় **(IPO 12) সংযুক্ত করা হয়েছে।**

**স্বেচ্ছায় ফেরত যাওয়া**

আপনি যদি আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন অব্যহত রাখতে না চান তাহলে আপনি স্বাধীনভাবে স্বেচ্ছায় আপনার দেশে ফিরে যেতে পারেন। এই সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ International Organisation for Migration (IOM) এর কাছে পাওয়া যাবে যার সঙ্গে **যোগাযোগের** বিশদ বিবরণ, **তথ্য কণিকা**য় **(IPO 12) সংযুক্ত করা হয়েছে**।

**আপনার নতুন আবেদনপত্রের নম্বর**

আপনার পুরনো আবেদনপত্রের নম্বর আর ব্যবহৃত হবে না। আপনি আপনার নতুন আবেদনপত্রের নম্বর এই পত্রের শুরুতে পাবেন যা **IPPA** দ্বারা সূচিত। আপনার ব্যক্তিগত পরিচয়-পত্র একই থাকবে।

**আপনার ঠিকানা**

আপনি যদি আপনার ঠিকানা পরিবর্তন করেন তাহলে ঠিকানা পরিবর্তনের পর যত দ্রুত সম্ভব সেটা অবশ্যই IPO কে **লিখিতভাবে** অবহিত করবেন। অনুগ্রহপূর্বক চিঠিতে স্বাক্ষর করতে এবং আপনার নতুন পরিচিতি নম্বর উল্লেখ করতে ভুলবেন না।

**অনুসন্ধান**

আপনার যদি আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদনপত্র ও এই পত্র সম্পর্কে কিছু জানার থাকে তাহলে অবশ্যই যোগাযোগ করবেন (**আপনার নতুন পরিচিতি নম্বর উল্লেখ করে**):

**Customer Service Centre**
**International Protection Office**
**Irish Naturalisation and Immigration Service**
**79 - 83 Lower Mount Street**
**Dublin 2, D02 ND99**
**Telephone: 01 6028008**
**Email: info@ipo.gov.ie**

এই পত্রের বক্তব্য ও সংযুক্তিসমূহের অনুলিপি আইনি প্রতিনিধির কাছে প্রেরণ করা হলো।

**আন্তর্জাতিক সুরক্ষা কার্যালয়**
**আইরিশ ন্যাচারালাইসেশন এবং ইমিগ্রেশন পরিসেবা**
**Date**